


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

বিজ্ঞপ্তি

আগামী ০৭ ফেব্রুয়ারি, ২০২৩ “ বাংলা ইশারা ভাষা দিবস ” উদযাপন উপলক্ষ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়, সরকারি কলেজ, সরকারি স্কুলের নবম ও দশম শ্রেণীতে অধ্যয়নরত বাক্ ও শ্রবণ মেধাবী শিক্ষার্থীদের মধ্য হতে ৩৫ (পঁয়ত্রিশ) জন শিক্ষার্থীর প্রত্যেককে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে আর্থিক প্রণোদনা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এ পরিপ্রেক্ষিতে পাবলিক বিশ্ববিদ্যালয়, সরকারি কলেজ, সরকারি স্কুলের নবম ও দশম শ্রেণীতে অধ্যয়নরত বাক্ ও শ্রবণ মেধাবী শিক্ষার্থীদের আবেদন সংগ্রহ করার নিমিত্ত জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েব সাইট (www.jpuf.gov.bd) এ বর্ণিত আবেদন আপলোড করা হয়েছে (আবেদন এর কপি সংযুক্ত)। আবেদনপত্রের শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনপত্র আগামী ১৯-০১-২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত সরাসরি অথবা জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ই-মেইল যোগে (jpuf38@yahoo.com) দাখিল করা যাবে।


(এস এম জাহিদুল হাসান)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন